

|                                                                                             |                                       |
|---------------------------------------------------------------------------------------------|---------------------------------------|
| অভিনন্দনকারী<br>ডাঃ মুনির আব্দুল হাতাওয়ার                                                  | জন্মনাম<br>ডাঃ মুনির আব্দুল হাতাওয়ার |
| তারিখ: ১২/১২/২৩                                                                             | তারিখ: ২৯/১২/২৩                       |
| মুক্তি নথি নং: ১২৩৪৫                                                                        | আলোচনা কক্ষন                          |
| পদবী: সংসদীয় সমাজিক নিরাপত্তা বিষয়ের অধিবক্তা (সংসদীয় সমাজিক নিরাপত্তা বিষয়ের অধিবক্তা) | সত্ত্বের পেশ কক্ষন                    |
| কাউন্সিল নথি নং: ১২৩৪৫                                                                      | পেশ কক্ষন                             |
| কাউন্সিল নথি নং: ১২৩৪৫                                                                      | নথিভাত কক্ষন                          |
| কাউন্সিল নথি নং: ১২৩৪৫                                                                      | পরিচালক (সামাজিক নিরাপত্তা)           |
| কাউন্সিল নথি নং: ১২৩৪৫                                                                      | পরিচালক (সামাজিক নিরাপত্তা)           |
| কাউন্সিল নথি নং: ১২৩৪৫                                                                      | পরিচালক (সামাজিক নিরাপত্তা)           |
| সূত্র :                                                                                     |                                       |

# বাংলাদেশ জাতীয় সংসদ Bangladesh Parliament

মহাপরিচালকের দণ্ডন  
সমাজসেবা অধিদপ্তর  
তারিখ: ২৯/১২/২৩

১. পরিচালক (প্রশাসন ও অর্থ)  
২. পরিচালক (কানুন)

৩. পরিচালক (সামাজিক নিরাপত্তা)  
৪. পরিচালক (অভিনন্দন)

৫. পরিচালক (সভাপতি, সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত)  
৬. প্রকল্প পরিচালক, জ্যাদার/গেই গ্রামে/নিঃসৈক্ষিক/জেলা কাছাকাছি/জেলা প্রশাসন/মৌজা ও ইউনিয়ন  
৭. অন্যান্য .....  
স্বাক্ষর কর্মসূচি

মহাপরিচালক

তারিখ :

সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় G2P পদ্ধতিতে ভাতাভোগীদের ভাতা প্রদানের কাজকে  
জনগণের দোরগোড়ায় আনার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির পক্ষ থেকে


## অভিনন্দন বার্তা

সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল  
প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপর্যুক্তির অর্থ উপকারভোগীদের নিকট G2P পদ্ধতিতে  
মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস 'নগদ' ও 'বিকাশ' এর মাধ্যমে পৌছে দেয়ার কার্যক্রম মাননীয় প্রধানমন্ত্রী বিগত  
'১৪ জানুয়ারি ২০২১ তারিখ শুভ উদ্বোধন করেন।

২০২০-২০২১ অর্থবছর থেকে মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস 'নগদ' ও 'বিকাশ' এর মাধ্যমে ৩৯টি  
জেলা এবং 'বিকাশ' এর মাধ্যমে ২৩টি জেলার বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অস্বচ্ছল  
প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপর্যুক্তির টাকা G2P পদ্ধতিতে বিতরণ কার্যক্রম শুরু  
হয় এবং সর্বাধিক দারিদ্র্যপ্রবণ ১১২টি উপজেলার নীতিমালা অনুযায়ী সকল দরিদ্র, প্রবীণ নাগরিক ও প্রতিবন্ধী  
ব্যক্তিকে এ ভাতা প্রদান কর্মসূচির আওতায় আনা হয়েছে।

২৫ জুন ২০২১ পর্যন্ত সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে ভাতা ব্যবস্থাপনা সিস্টেম MIS-এ মোট  
৮৮ লক্ষ ৫০ হাজার উপকারভোগীর মধ্যে প্রায় ৮৭ লক্ষ ৬৩ হাজার ভাতাভোগীর মোবাইল/ব্যাংক হিসাবে  
ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে, যা মোট ভাতাভোগীর ৯৯.৩১%। এছাড়া বাংলাদেশ সমাজকল্যাণ পরিষদ  
হতে G2P পদ্ধতিতে 'বিকাশ' এর মাধ্যমে ৯৩১ জন দুঃস্থ ও অসহায় ব্যক্তির অনুকূলে অনুদান প্রদান করা  
হয়েছে।

সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় G2P পদ্ধতিতে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের কাজকে  
জনগণের দোরগোড়ায় এনে জনভোগান্তি লাগবের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বিগত  
'০৯ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত ১১তম বৈঠকে স্থায়ী কমিটির মাননীয় সদস্যগণ সঙ্গে প্রকাশ করছে এবং  
ভাতা কার্যক্রমের সাথে সংযুক্ত সমাজকল্যাণ মন্ত্রণালয়, সমাজসেবা অধিদপ্তর, জাতীয় সমাজকল্যাণ পরিষদের  
সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে অভিনন্দন জানাচ্ছে।

  
(রাশেদ খান মেনন, এমপি)

সভাপতি

সমাজকল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

মহাপরিচালক  
সমাজসেবা অধিদপ্তর  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।